# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং- ৫৮ তারিখ: ২৪/০৩/২০২৫ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রি (পাস) ২য় বর্ষ নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট, অকৃতকার্য, মানোন্নয়ন, **Conditional Promoted** প্রাপ্ত ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেয়া হলো। ফরম পুরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| কোর্সের নাম | | পরীক্ষার ফি | সেশন ফি | ৩য় বর্ষ প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স ফি (৩৫০+৩৫০+২৫০) | মোট | ফরম পুরণ ও ফি প্রদানের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| বিএ/বিএসএস/ বিএসসি /বিবিএস (পাস)/ সার্টিফিকেট কোর্স- ২য় বর্ষ | ০১। নিয়মিত (সকল বিষয়) বিএ/বিএসএস/বিবিএস (পাস) | ১৩০০/- | ১৮৬৫/- | ৯৫০/- | ৪১১৫/- | অনলাইনে ফরম পূরণের তারিখ: ২৫/০৩/২০২৫ তারিখ হতে ১০/০৪/২০২৫ তারিখ পর্যন্ত। |
| | ০২। অনিয়মিত (সকল বিষয়) বিএ/বিএসএস/বিবিএস (পাস) | ১৬০০/- | ১৮৬৫/- | ৯৫০/- | ৪৪১৫/- | |
| | ০৩। নিয়মিত সকল বিষয় বি.এসসি (পাস) | ১৩০০/- | ১৯৮৫/- | ৯৫০/- | ৪২৩৫/- | |
| | ০৪। অনিয়মিত সকল বিষয় বি.এসসি (পাস) | ১৬০০/- | ১৯৮৫/- | ৯৫০/- | ৪৫৩৫/- | |
| | ০৫। প্রাইভেট (সকল বিষয়) | ১৫৫০/- | -- | ২৫০/- | ১৮০০/- | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের তারিখ: ০৭/০৪/২০২৫ তারিখ হতে ১৫/০৪/২০২৫ তারিখ পর্যন্ত। |
| | ০৬। সার্টিফিকেট কোর্স | ১০০০/- | -- | ২৫০/- | ১২৫০/- | পরীক্ষার আবেদন ফরম ও ফি প্রদানের রশিদ কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ: ১০/০৪/২০২৫ তারিখ হতে ১৭/০৪/২০২৫ তারিখ পর্যন্ত। |
| | ০৭। মানোন্নয়ন/অকৃতকার্য ০১ পত্র | ৯০০/- | -- | -- | ৯০০/- | |
| | ০৮। মানোন্নয়ন/ অকৃতকার্য ০২ পত্র | ১০০০/- | -- | -- | ১০০০/- | |
| | ০৯। মানোন্নয়ন/ অকৃতকার্য ০৩ পত্র | ১১০০/- | -- | -- | ১১০০/- | |
| | ১০। মানোন্নয়ন/অকৃতকার্য ০৪ পত্র | ১২০০/- | -- | -- | ১২০০/- | |
| | ১১। মানোন্নয়ন/অকৃতকার্য ০৫ পত্র | ১৩০০/- | -- | -- | ১৩০০/- | |

বি.দ্র.: ১ম বর্ষ থেকে ২য় বর্ষে Conditional Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ফরমপূরণের ফি এর সঙ্গে বিশেষ অন্তর্ভুক্তি ফি-১০০০/- (এক হাজার) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে।

১। ফরমপূরণের নিয়মাবলী : ২০২৩ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ems.nu.ac.bd ) এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ২৫/০৩/২০২৫ তারিখ হতে ১০/০৪/২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডের গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২। মানোন্নয়ন/অকৃতকার্য বিষয়ে ফরম পূরণের ক্ষেত্রে কলেজ এর ভর্তি বিষয়ক ওয়েবসাইট https://chandpurcollege.eshiksaems.com/ এ প্রবেশ করে ID: cgestudent, Password: cgestudent দিয়ে লগইন করে Improvement Form Fill-up–এ ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে View Charge and Course Detail –এ ক্লিক করে যে বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয় গুলো সিলেক্ট করে সাবমিট করলে বিকাশ/নগদ/উপায় অ্যাপস এর মাধ্যমে ফি জমা দিতে পারবে।

৩। ফি জমাদানের নিয়মাবলী : নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষার্থী এবং ২০২২ সালের ডিগ্রি পাস -২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা Not Promoted হয়ে ২০২৩ সালের পরীক্ষায় আংশিক বিষয়ে অংশগ্রহণ করবে এবং যারা মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে Education Fee (এডুকেশন ফি)/ পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে Month- April 25 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০৭/০৪/২০২৫ তারিখ হতে ১৫/০৪/২০২৫ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: (i) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। (iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: (i) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষাথী যারা ২০১৯,২০২০,২০২১ ও ২০২২ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০২০,২০২১ ও ২০২২ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃর্তকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(ii) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষাথী শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষাথী ২০২২ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-C) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iv) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

(গ) অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: (i) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষাথী যারা ২০২০,২০২১ ও ২০২২ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোনো পত্রে/ কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে কোনো পত্রে/ কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ২য় বর্ষের পরীক্ষায় ১ম বার অংশগ্রহণ করে কোনো পত্রে/ কোর্সে C/D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ ২টি কোর্সে/ পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা: (i) ২০১৮,২০১৯,২০২০,২০২১ ও ২০২২ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০১৮,২০১৯,২০২০,২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম ও ২য় পত্রে Promoted হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ঙ) বিশেষ পরীক্ষার্থী: ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের প্রাইভেট শিক্ষার্থী যারা এক বা একাধিক কোর্সে অকৃতকার্য (রেজিস্ট্রেশন মেয়াদ শেষ হয়েছে) তারা বিশেষ ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকে যে, পরীক্ষায় ফরমপূরণ না করলে, ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোনো আবেদন করতে পারবে না। এ সকল পরীক্ষার্থীর বিশেষ ফি- ৫৫০০/- টাকা।

সিলেবাস : ২০২৩ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-২য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

স্বাক্ষর ২৪/০৩/২০২৫

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েব সাইট: **www.chandpurcollege.edu.bd**
৪। অফিস নথি।